




শুক্রবার, ১৩ অক্টোবর ২০২৩, আশ্বিন ১৪৩০



LIVE

সম্পূর্ণ নিউজ সময়

বাংলাদেশ

২২ টা ১৩ মিনিট, ১২ অক্টোবর ২০২৩

সেন্টমার্টিন থেকে সরানো হল ৭২০০ কেজি প্লাস্টিক বর্জ্য

পর্যটন মৌসুমের শুরুতেই প্রবাল দ্বীপ সেন্টমার্টিন থেকে সাত হাজার কেজির বেশি প্লাস্টিক বর্জ্য সরিয়েছে স্বেচ্ছাসেবী সংগঠন 'কেওব্রাডং বাংলাদেশ'।



প্রবাল দ্বীপ সেন্টমার্টিন থেকে সাত হাজার কেজির বেশি প্লাস্টিক বর্জ্য সরিয়েছে স্বেচ্ছাসেবী সংগঠন 'কেওক্রাডং বাংলাদেশ'। ছবি: সময় সংবাদ

সুজাউদ্দিন রুবেল

২ মিনিটে পড়ুন



গত বছরের মতো এবারও ৯ অক্টোবর থেকে ১১ অক্টোবর পর্যন্ত টানা তিন দিন সেন্ট মার্টিন দ্বীপের অনিগলি ও সমুদ্র সৈকতের বিভিন্ন জায়গা থেকে প্লাস্টিক বোতল, খাদ্য দ্রব্যের প্যাকেট, নানা ধরনের অপচনশীল ময়লা-আবর্জনা সংগ্রহে নেতৃত্ব দেয় 'কেওক্রাডং বাংলাদেশ' নামে একটি স্বেচ্ছাসেবী সংগঠন।

এছাড়া কেওক্রাডং বাংলাদেশ ২০১০ সাল থেকে প্রতি বছর নভেম্বর/ডিসেম্বর মাসে সেন্ট মার্টিন দ্বীপে আন্তর্জাতিক সংস্থা ওশান কনজারভেন্সি ও কোকাকোলার সহযোগিতায় বড় ধরনের আরও একটি পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করে আসছে।

সেন্টমার্টিনে স্থানীয় বাসিন্দা নূর মোহাম্মদ বলেন, প্রতি বছর হাজার হাজার পর্যটক প্রবাল দ্বীপ সেন্ট মার্টিনে বেড়াতে এসে ফেলে যান নানা রকম প্লাস্টিক বর্জ্য। সঙ্গে যোগ হয় স্থানীয়দের ব্যবহৃত বিভিন্ন পলেথিন বর্জ্য। অপচনশীল এসব প্লাস্টিক বর্জ্যের ভারে হুমকিতে পড়েছে ছোট্ট এই দ্বীপের প্রাণ-প্রকৃতি। ভ্রমণ মৌসুম শুরুর ঠিক আগে প্রতিবছর সেন্ট মার্টিনের সমুদ্র সৈকত আর লোকালয়ের যত্রতত্র পড়ে থাকা এসব প্লাস্টিক বর্জ্য সরানোর মতো মহৎ কাজ করছে স্বেচ্ছাসেবী সংগঠন কেওক্রাডং বাংলাদেশের সদস্যরা।

স্মরণীয় পড়ুন: অনিয়ন্ত্রিত প্লাস্টিক বর্জ্য হুমকিতে সামুদ্রিক জীববৈচিত্র্য

স্বেচ্ছাসেবীরা জানান, এসব প্লাস্টিক বর্জ্য ১৫০টি প্লাস্টিকের বস্তায় ভর্তি করে দুটি ট্রলারে করে সেন্টমার্টিন দ্বীপ থেকে টেকনাকে নিয়ে আসা হয়। পরে প্লাস্টিক এই বর্জ্যগুলো ট্রাকযোগে টেকনাক পৌরসভার বর্জ্য ডাম্পিং স্টেশনে নিয়ে যাওয়া হয়।

কেওক্রাডং বাংলাদেশের সমন্বয়কারী এবং ওশান কনজারভেন্সির বাংলাদেশের সমন্বয়কারী মুনতাসির মামুন বলেন, সামুদ্রিক আবর্জনা বা মেরিন ডেব্রিজ বর্নমান দুনিয়াতে বহুল আলোচিত। এর মূল কারণ হিসেবে মেরিন ডেব্রি থেকে যে মাইক্রোপ্লাস্টিক/মাইক্রোফাইবার বা যে কোনো ধরনের প্লাস্টিকের কণা সামুদ্রিক পরিবেশ তথা যেকোনো পরিবেশের সঙ্গে যে হারে মিশে যাচ্ছে তাতে আমাদের খাদ্যশৃঙ্খলে প্লাস্টিকের উপস্থিতি, মানবদেহে, রক্তে, মলে এমনকি মাতৃদুগ্ধে প্লাস্টিক কণা পাওয়া যাচ্ছে। এর ভয়াবহতার পরিমাপ আমাদের এখনও পুংখানুপুংখভাবে করা সম্ভব হয়নি।

স্মরণীয় পড়ুন: বিদেশি বর্জ্যের হুমকিতে সোনাদিয়া দ্বীপ

তিনি আরও বলেন, বাংলাদেশে ভৌগলিক কারণে ফেলে দেয়া প্লাস্টিকের অন্তিম গন্তব্য যেকোনো জলাধার হয়ে থাকে বেশিরভাগ ক্ষেত্রেই। আর সেন্ট মার্টিনের



মতো ছোট দ্বীপে পড়ে থাকা প্লাস্টিক যদি মূল ভুখণ্ডে নিয়ে আসা না হয় তবে এর পরিণাম শুধু এই দ্বীপের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না। ছড়িয়ে পড়ে বঙ্গোপসাগরে। আমাদের এই ক্ষুদ্র প্রয়াস ছিল সামর্থ্য অনুযায়ী সেই পরিণামকে যতটা সম্ভব সীমিত করা।

সেন্টমার্টিনের প্যানেল চেয়ারম্যান আক্তার কামাল বলেন, সেন্টমার্টিন পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার এ উদ্যোগটি খুবই প্রশংসনীয়। সবাই নিজ নিজ অবস্থান থেকে এগিয়ে আসার জন্য চেষ্টা করলে অবশ্যই সফল হওয়া সম্ভব হবে। আগামীতে সেন্ট মার্টিনে এ ধরনের কর্মসূচির আয়োজন করলে দ্বীপের পরিবেশের জন্য তা খুবই উপকার বয়ে আনবে।

আরও পড়ুন: কপ-১৫ কি জীববৈচিত্র্য রক্ষায় সহায়ক হবে?

সেন্টমার্টিন সময় নিউজ প্লাস্টিক বর্জ্য প্রবাল দ্বীপ কেওক্রাডং

আরও সময় সংবাদ

<p>বিনোদন ৩৫ মিনিট আগে</p> <p>সিনেমা দেখে আপনাদের সময় নষ্ট... 'মুজিব: একটি জাতির রূপকার' সিনেমাটি দেখে কারো সময় নষ্ট...</p>	<p>বাংলাদেশ ১ ঘণ্টা আগে</p> <p>রূপপুরে পৌঁছেছে ইউরেনিয়ামের তৃতীয়... পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের প্রথম ইউনিটের জন্য ইউরেনিয়ামের তু...</p>	<p>বিনোদন ২ ঘণ্টা আগে</p> <p>আজ থেকে প্রেক্ষাগৃহে দেখা যাবে 'মুজিব'... জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে নির্মিত...</p>	<p>খেলা ২ ঘণ্টা আগে</p> <p>হোটেলে জায়গা না পেয়ে হাসপাতালে ভর্তি... বিশ্বকাপের সবচেয়ে হাইভোল্টেজ ম্যাচে শনিবার (১৪ অক্টোবর)...</p>
---	--	--	--

বাংলাদেশ

রাজনীতি

আন্তর্জাতিক

খেলা

বিনোদন

স্বাস্থ্য

বাণিজ্য

সময় স্পেশাল

শিক্ষা

মুক্তকথা

ধর্ম

চাকরি

সাহিত্য ও সংস্কৃতি

বিজ্ঞান ও প্রযুক্তি

সময় প্রবাস

লাইফস্টাইল

ফিচার

অন্যান্য



সময় মিডিয়া লিমিটেড

রাজনীতি, বাণিজ্য, খেলাধুলা, জাতীয়-আন্তর্জাতিক ব্রেকিং নিউজ, বিশ্লেষণমূলক
সংবাদসহ যাবতীয় খবর পেতে চোখ রাখুন সময় নিউজে।



সময় মোবাইল অ্যাপ ডাউনলোড করুন



ফলো সামাজিক সময়



আমাদের সম্পর্কে

গোপনীয়তা নীতি

যোগাযোগ

© ২০২৩ সময় মিডিয়া লিমিটেড | সমস্ত অধিকার
সংরক্ষিত

